

এন-ভেট

এনরোফ্লক্সাসিন ১০% সলিউশান
(কেবলমাত্র হাঁস, মুরগীর এবং অন্যান্য পাখির চিকিৎসার জন্য উপযোগী)

উপস্থাপনা :

এন-ভেট হলুদাভ বর্ণের স্বচ্ছ ওরাল সলিউশন যাতে আছে এন-ভেট ১০% যা কুইনোলন গ্রুপভুক্ত। এন-ভেট ব্যাকটেরিয়াল গাইরেজকে প্রতিহত করে। ফলে ব্যাকটেরিয়ার দেহে ডি.এন .এ রেপলিকেশন, ট্রান্সক্রিপশন প্রভৃতি বন্ধ হয়ে ব্যাকটেরিয়ার বৃদ্ধি ব্যাহত হয় এবং রোগের উপশম করে।

কার্যকরী উপাদান :

প্রতি মিলি সলিউশনে আছে- এনরোফ্লক্সাসিন আইএনএন ১০০ মিগ্রা।

নির্দেশনা :

হাঁস, মুরগীর এবং অন্যান্য পাখির ব্যাকটেরিয়াল এবং মাইকোপ্লাজমার সংক্রমণ যেমন : শ্বাসতন্ত্রের, পাকস্থলীর, মূত্রনালীর এবং জননতন্ত্রের সংক্রমণে ব্যবহৃত হয়। সেপটিসেমিয়া, কলেরা এবং স্টেফাইলোকক্কাল সংক্রমণে ব্যবহৃত হয়। এন-ভেট-এর বহুমুখী কার্যকারীতা যে সমস্ত রোগসৃষ্টিকারী জীবাণুর বিরুদ্ধে কাজ করে সেগুলো হচ্ছে : ই. কলাই, সালমোনেলা, স্ট্র্যাপটোকক্কাস, ক্ল্যামিডিয়া, পামচুরেলা, হিমোফিলাস, সিডোমোনাস এরোজিনোসা, ব্রুডেটেলা ব্রুক্সিসেপ্টিকা, ক্লস্ট্রিডিয়াম পারফ্রিনজেন্স, ক্যাম্বাইলোব্যাকটার, মাইকোপ্লাজমা প্রভৃতি। এই সমস্ত জীবাণু দ্বারা সৃষ্ট হাঁস-মুরগীর বিভিন্ন রোগের বিরুদ্ধে এন-ভেট বিশেষ কার্যকরী।

সেবন মাত্রা ও বিধি :

এন-ভেট ওরাল-সলিউশন, হাঁস-মুরগীর খাবার পানির সঙ্গে মিশিয়ে প্রয়োগ করতে হবে নিম্নোক্ত মাত্রায়।

প্রয়োগের ক্ষেত্র	পানিতে মিশ্রণের মাত্রা
রোগ প্রতিরোধের জন্য পর পর ৩ দিন প্রয়োগ করতে হবে।	৪-৮ লিটার পানিতে ১ মিলি এন-ভেট।
রোগের চিকিৎসায় পর পর ৩-৫ দিন প্রয়োগ করতে হবে।	২ লিটার পানিতে ১ মিলি এন-ভেট।

পার্শ্বপ্রতিক্রিয়া :

এন-ভেট সুসহনীয় এবং পার্শ্বপ্রতিক্রিয়া সামান্য। পাকস্থলীর সমস্যা যেমন : বমি এবং ডায়রিয়া মাঝে মাঝে হতে পারে।

প্রতিনির্দেশনা ও সতর্কতা :

- যে সকল হাঁস, মুরগী এবং পাখি এই ঔষধের প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে ব্যবহারযোগ্য নয়।
- ক্লোরামফেনিকল, ম্যাক্রোলয়েড ও টেট্রাসাইক্লিন-এর সাথে এন-ভেট ব্যবহার করা উচিত নয়।
- ম্যাগনেসিয়াম ও এলুমিনিয়াম যুক্ত পদার্থের প্রভাবে অম্লনালী থেকে এনরোফ্লক্সাসিন এর শোষণ ব্যাহত হতে পারে।
- ব্রয়লার মুরগী জবাই করার ৭ দিন আগে ঔষধ প্রয়োগ বন্ধ করতে হবে।
- কুইনোলনের প্রতি রেজিস্ট্যান্ট এর তথ্য থাকলে এন-ভেট ব্যবহার অনুচিত।

সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

আলো থেকে দূরে এবং ঠান্ডা ও শুষ্ক জায়গায় রাখুন।

সরবরাহ :

১০০ মিলি এবং ৬০ মিলি বোতল।

প্রস্তুতকারক:



গ্লোব ফার্মাসিউটিক্যালস্ লিঃ
নোয়াখালী, বাংলাদেশ